58

আজকের কাগজ

তারিখ 1.6. JUN. 1996
পৃষ্ঠা ৮ কলাম ৫

# বরগুনায় শিক্ষা সপ্তাহ পালিত

জাতীয় শিক্ষা সপ্তাহ '৯৬ উপলক্ষে ২১ ও ২২ মে বরগুনা জেলা পর্যায়ে সাহিত্য ও সাংস্কৃতিক বিভিন্ন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এ ছাড়া জেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক নির্বাচন করা হয়। শ্রেষ্ঠ কলেজ শিক্ষক রাজিয়া বেগম অধ্যক্ষ বরগুনা মহিলা কলেজ, মাধ্যমিক বিদ্যালয় শ্রেষ্ঠ শিক্ষক সুনীল রঞ্জন সমাদ্দার, বৈতাগি বালিকা মাধ্যমিক বিদ্যালয়। শ্রেষ্ঠ মাদ্রাসা শিক্ষক পাওয়া যায়নি। শ্রেষ্ঠ কলেজ–আমতলী ডিগ্রি কলেজ, শ্রেষ্ঠ মাধ্যমিক বিদ্যালয়–বিবিচিনি মাধ্যমিক বিদ্যালয়, শ্রেষ্ঠ মাধ্যমিক বালিকা বিদ্যালয়– আসমতুন নেছা বালিকা বিদ্যালয় বামনা, শ্রেষ্ঠ মাদ্রাসা– দারুল উলুম আলিয়া মাদ্রাসা, পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শফিউল্লা। বরগুনা থেকে হাসান ঝন্টু।